Consent – it's your decision (Bengali version)

সম্মতি-সম্মতি দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন আপনিই

আপনার স্বাস্থ্যসেবা ও চিকিৎসার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সময় আপনার যেভাবে শরিক থাকা প্রয়োজন

সংস্করণ 3
তৈরি করা হয়েছে অগাস্ট 2010-এ
পরিমার্জনের তারিখ ফেব্রুয়ারি 2013

কার জন্য এই তথ্যপত্র?

- এই তথ্যপত্রে সব বয়সের মানুষের জন্য তথ্য রয়েছে।
- 16 বছরের নিচের শিশু ও তরুণদের জন্যেও এই তথ্যপত্রের একটি আলাদা সংস্করণ রয়েছে যার নাম **'সম্মতি – সম্মতি দেওয়ার ক্ষেত্রে তোমাদের অধিকারসমূহ' ('Consent – your rights')**। NHS এর স্বাস্থ্যসেবা প্রদানকারী যে কোনো প্রতিষ্ঠানে অথবা ইন্টারনেটে www.hris.org.uk ঠিকানায় এটি পাওয়া যাবে।

তথ্যপত্রটি কি সম্পর্কে?

আপনার স্বাস্থ্য পরিচর্যা ও চিকিৎসার ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে আপনার অধিকারগুলো সম্পর্কে এটি আপনাকে অবহিত করে। সাধারণত, আপনি যে কোনো চিকিৎসা নিতে, স্বাস্থ্য-পরীক্ষা অথবা টেষ্ট করাতে রাজি হতে বা নাও হতে পারবেন, এবং গবেষণায় অংশগ্রহণ করবেন কিনা সেই বিষয়েও সিদ্ধান্ত আপনিই নিবেন।

সম্মতি কথাটির মানে কি?

সম্মতি কথাটির মানে হলো রাজি হওয়া। ডাক্তার, নার্স অথবা আপনার স্বাস্থ্যসেবার সাথে জড়িত যে কোনো লোকই চিকিৎসা প্রদান করা বা আপনার স্বাস্থ্য পরীক্ষা করার আগে, তাদেরকে অবশ্যই আপনার সম্মতি নিতে হবে।

কে সম্মতি দিতে পারবেন?

আপনি যদি নিজেই সিদ্ধান্ত নিতে সমর্থ হন তাহলে আপনিই সম্মতি দিতে পারবেন।

- সিদ্ধান্ত নিতে সমর্থ হওয়ার মানে হচ্ছে, সম্মতি দিলে কি হবে বা না হবে, তা আপনার বোঝার ক্ষমতা রয়েছে এবং বিভিন্ন কাজের সুবিধা ও অসুবিধাগুলো সম্পর্কে আপনি পরিষ্কারভাবে চিন্তা করতে পারেন।
- আপনাকে অবশ্যই যথেষ্ট তথ্য দিতে হবে, এবং অন্য লোকের কাছ থেকে কোনো ধরনের জোর জবরদস্তি বা চাপ ছাড়াই আপনাকে সিদ্ধান্ত নেওয়ার সুযোগ দিতে হবে।

আমার যদি সম্মতি দেওয়ার ক্ষমতা না থাকে তাহলে কি হবে?

আপনাকে যে তথ্য দেওয়া হবে, তা যদি আপনি বুঝতে পারেন, সিদ্ধান্ত নিতে পারেন, আপনার সিদ্ধান্তটি মনে রাখতে পারেন এবং অন্যদেরকে আপনার সিদ্ধান্ত সম্পর্কে জানাতে পারেন, তাহলেই শুধু আপনি সম্মতি দিতে পারবেন। যদি আপনি এই সবগুলো কাজ করতে না পারেন, তাহলে একে বলা হয় 'ইনক্যাপাসিটি' বা 'অক্ষমতা'।

- যদি আপনার অক্ষমতার কারণ হয়ে থাকে মাদক বা অ্যালকোহলের বিষক্রিয়া, তাহলে আপনার সম্মতি ছাড়াই একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবী আপনার চিকিৎসা করতে পারবেন, যদি তা আপনার জন্য সবচেয়ে ভালো হয়।
- যদি আপনার অক্ষমতার কারণ হয়ে থাকে মানসিক অসুস্থতা, যেমন শিক্ষালাভে প্রতিবন্ধীত্ব বা বুদ্ধিবৈকল্য, তাহলে এই ক্ষেত্রে আপনার পক্ষে অন্য কেউ হয়তো সম্মতি দিতে পারবেন।

আপনি যদি প্রাপ্তবয়স্ক হন

আপনার পক্ষে অন্য কেউ সম্মতি দিতে পারবেন যদি:

- আপনি কাউকে চিকিৎসায় সম্মতি দেয়ার ক্ষমতা সহ 'ওয়েলফেয়ার পাওয়ার অব এটর্নি' (welfare power of attorney) দিয়ে থাকেন, অথবা
- কোর্ট থেকে কাউকে চিকিৎসায় সম্মতি দেয়ার ক্ষমতা সহ 'ওয়েলফেয়ার গার্ডিয়ানশীপ অর্ডার' (welfare guardianship order) দেওয়া হয়, অথবা
- কোর্ট থেকে কাউকে সুনির্দিষ্টভাবে এই চিকিৎসার জন্য 'ওয়েলফেয়ার ইন্টারভেনশন অর্ডার' (welfare intervention order) দেওয়া হয় এবং চিকিৎসাটির জন্য অল্প সময়ের প্রয়োজন হয়।

যদি আপনার হয়ে সম্মতি দেওয়ার কেউ না থাকেন, এবং চিকিৎসাটি আপনার জন্য উপকারী হয়, তাহলেও ডাক্তার সম্মতি ছাড়াই আপনার চিকিৎসা করতে পারবেন।

আপনাকে সব সময়ই এমনভাবে তথ্য দেয়া হবে যাতে আপনি তা বুঝতে পারেন এবং যোগাযোগ করার জন্য আপনাকে সব সময়ই সহায়তা দেয়া হবে।

আরো তথ্যের জন্য, **পরিচর্যা ও সম্মতি ('Caring and consent')** নামক তথ্যপত্রটি দেখুন। কোথায় এর একটি কপি পাওয়া যাবে তার জন্য 10 নং পৃষ্ঠা দেখুন।

সম্মতি দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নিতে সমর্থ নন এমন প্রাপ্তবয়স্ক লোকদের অধিকার সম্পর্কে কোথায় তথ্য পাওয়া যাবে সে সম্পর্কে জানার জন্য 8 নং পৃষ্ঠা দেখুন।

যদি আপনার বয়স 16 বছরের কম হয়

- যদি আপনি নিজে সম্মতি দিতে না পারেন তাহলে অভিভাবকত্বের সম্পর্ক রয়েছে এমন কেউ আপনার হয়ে সম্মতি দিতে পারবেন।

16 বছরের কম বয়সী শিশু ও তরুণদের অধিকার সম্পর্কে আরো তথ্য সংগ্রহের স্থানগুলো সম্পর্কে জানার জন্য 4 নং পৃষ্ঠা দেখুন।

জরুরী অবস্থায় কিভাবে সম্মতি নেওয়া হবে?

- জরুরী অবস্থায় – যেমন, রাস্তায় দুর্ঘটনায় কবলিত হওয়ার পর জীবন বাঁচানোর জন্য আপনাকে জরুরীভিত্তিতে চিকিৎসা দেওয়ার প্রয়োজন হতে পারে – তখন হয়তো আপনার চিকিৎসার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার মতো হুঁশবুদ্ধি নাও থাকতে পারে।
- আপনি যদি সম্মতি দিতে না পারেন এবং আপনার পক্ষে অন্য কেউ সিদ্ধান্ত দেওয়ার মতো সময় না থাকে, তাহলে ডাক্তার সম্মতি ছাড়াই আপনার চিকিৎসা করতে পারবেন। তবে শুধুমাত্র আপনার জীবন বাঁচানোর জন্য অথবা আপনার অবস্থা আরো মারাত্মক অবস্থার দিকে যাওয়া বন্ধ করার জন্যই তিনি আপনার সম্মতি ছাড়া আপনার চিকিৎসা করতে পারবেন।

আমাকে কিভাবে সম্মতি দিতে বলা হবে?

- আপনি সম্মত আছেন তা দেখানোর জন্য একজন ডাক্তার বা অন্য কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাজীবী আপনাকে হয়তো কিছু একটা করতে বলবেন। উদাহরণস্বরূপ, ডাক্তার হয়তো আপনার পায়ের পাতা পরীক্ষা করার জন্য আপনার সম্মতি চাইতে পারেন। আপনি যদি আপনার জুতা খোলেন, তাহলে বোঝা যাবে যে আপনি তাতে রাজি আছেন।
- সাধারণত আপনাকে বলা হবে, আপনি স্বাস্থ্য পরীক্ষা বা চিকিৎসায় রাজি আছেন কি না তা বলার জন্য।
- যদি পরীক্ষা বা চিকিৎসাটি অপারেশনের মতো বেশী জটিল হয়, তাহলে এতে রাজি থাকার প্রমাণস্বরূপ আপনাকে একটি ফর্মে দস্তখত দিতে বলা হবে।

আমাকে কি কি তথ্য দেয়া হবে?

- আপনাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য, আপনার পরিচর্যার সাথে সম্পৃক্ত NHS এর কর্মীরা আপনার বোধগম্য উপায়ে প্রস্তাবিত পরীক্ষা বা চিকিৎসার ব্যাপারে আপনাকে অবশ্যই তথ্য প্রদান করবেন। আপনি জানতে চাইতে পারেন:
  - কেন আপনাকে পরীক্ষা বা চিকিৎসাটির প্রস্তাব দেওয়া হয়েছে
  - এতে কি কি থাকবে
  - এতে কি কি উপকার হবে
  - কোনো ঝুঁকি বা পার্শ্ব-প্রতিক্রিয়ার (সাইড এফেক্ট) সম্ভাবনা আছে কি না
  - ঝুঁকি কতটা বেশি বা কমু মারাত্মক
  - প্রস্তাবিত চিকিৎসা বা পরীক্ষা ছাড়া অন্য কোনো বিকল্প উপায় আছে কি না
  - পরীক্ষা বা চিকিৎসা না নিলে কি হতে পারে
  - আপনাকে খরচ দিতে হবে কি না (যেমন, দাঁতের চিকিৎসার খরচ), এবং
  - আপনার স্বাস্থ্যসেবার দায়িত্বে নিয়োজিত ডাক্তারের নাম।

- কোনো কিছু না বুঝলে অথবা অতিরিক্ত কোনো কিছু জানতে চাইলে আপনার প্রশ্ন করার অধিকার আছে। যে ব্যক্তি আপনার সম্মতি চাইবেন তিনি যদি আপনার প্রশ্নের জবাব দিতে না পারেন, তাহলে তাদেরকে বলবেন সাহায্য করতে পারবেন এমন কাউকে খুঁজে বের করতে বা নিয়ে আসতে। প্রয়োজন মনে করলে প্রস্তাবিত চিকিৎসা অথবা স্বাস্থ্য-পরীক্ষার ব্যাপারে আপনি অন্য কোনো ডাক্তারের মতামত নিতে পারবেন।

- যদি আপনার একজন দোভাষী প্রয়োজন হয়, তাহলে এর ব্যবস্থা করার জন্য আগেই একজন কর্মী সদস্যকে বলে রাখবেন। অ্যাপয়েন্টমেন্ট করার সময়, তাদেরকে আপনার পছন্দনীয় ভাষা সম্পর্কে জানাবেন।

- ডাক্তার যখন আপনার সাথে চিকিৎসা বা পরীক্ষা নিয়ে আলোচনা করবেন তখন আপনি ইচ্ছা করলে কাউকে সঙ্গে রাখতে পারবেন। আপনার কোনো বন্ধু, আত্মীয়, স্বামী বা স্ত্রী, আপনার সেবাযত্নের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি, অন্য কোনো স্বাস্থ্যকর্মী, অথবা একজন নিরপেক্ষ প্রতিনিধিকে (অনেক সময় যাকে 'advocate' বলা হয়) সঙ্গে রাখতে পারবেন।

- পরীক্ষা বা চিকিৎসা সম্পর্কে ডাক্তার যা বলবেন, তা হয়তো অনেক সময় আপনার সম্পূর্ণভাবে বুঝতে অসুবিধা হতে পারে। সিদ্ধান্ত নিতে সুবিধা হবে মনে করে আপনি সাথে করে লিখিত তথ্য নিয়ে যেতে চাইলে ডাক্তারকে তা দেওয়ার জন্য বলবেন।

কত দিনের ভিতরে আমাকে সিদ্ধান্ত নিতে হবে?

জরুরি পরিস্থিতিতে, দ্রুত সিদ্ধান্ত নিতে হবে। অন্যান্য ক্ষেত্রে আপনি হয়তো আরো বেশি সময় নিতে পারবেন। আপনাকে সিদ্ধান্ত নেয়ার জন্য পর্যাপ্ত সময় দেয়াটা গুরুত্বপূর্ণ, তাই তাড়াহুড়া করবেন না। চিন্তা-ভাবনা করে সিদ্ধান্তে পৌঁছানোর জন্য সময়ের দরকার হলে ডাক্তারকে তা জানাবেন।

আমি যদি আমার মত পরিবর্তন করি তাহলে কি হবে?

কোনো চিকিৎসা বা পরীক্ষার ব্যাপারে সম্মতি দেওয়ার ক্ষেত্রে আপনি যে কোনো সময়ই আপনার মত বদলাতে পারবেন। আপনার স্বাস্থ্যসেবার দায়িত্বে নিয়োজিত যে কোনো একজন কর্মীকে আপনার মত বদলানোর কথা বলবেন।

আমি কি পরীক্ষা বা চিকিৎসা প্রত্যাখ্যান করতে পারবো?

- সাধারণত, আপনি যে কোনো সময়ই চিকিৎসা বা পরীক্ষা প্রত্যাখ্যান করতে পারবেন, এমনকি এতে করে আপনার স্বাস্থ্যের, বা আপনার গর্ভের শিশুর স্বাস্থ্যের মারাত্মক ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকলেও।

- আপনি চিকিৎসা নিতে বা পরীক্ষা করাতে না চাইলে আপনার কি কি হতে পারে, তা আপনি বুঝতে পারা গুরুত্বপূর্ণ।

- যদি আর কোনো বিকল্প চিকিৎসা থাকে যা প্রস্তাবিত চিকিৎসার পরিবর্তে নেওয়া যাবে, তাহলে সেটি সম্পর্কে আপনাকে তথ্য জানাতে হবে। তবে আপনি নির্দিষ্ট কোনো চিকিৎসা নেওয়ার জন্য জোর করতে পারবেন না, যদি আপনাকে চিকিৎসা প্রদানকারী NHS এর কর্মীরা মনে করেন তা আপনার সাহায্যে আসবে না।

- মনে রাখবেন, আপনাকে যে চিকিৎসা দেওয়ার প্রস্তাব করা হয়েছে, সেটির ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি অন্য কোনো ডাক্তারের মতামত নিতে পারবেন।

16 বছরের কম বয়সীদের জন্য তথ্য

আপনার বয়স যদি 16 বছরের নিচে হয়, এবং আপনার দেখাশোনাকারী স্বাস্থ্যসেবা পেশাজীবী মনে করেন যে আপনি আপনার নিজের ব্যাপারে সিদ্ধান্ত নিতে সক্ষম, তাহলে আপনি পরীক্ষা বা চিকিৎসা প্রত্যাখ্যান করতে পারবেন ।

তবে:

- আপনার চিকিৎসার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি জানতে চাইতে পারেন আপনি কেন তা নিতে চান না । তাঁর জানার দরকার হবে, আপনার সিদ্ধান্ত গ্রহণের জন্য তারা আপনাকে যথেষ্ট তথ্য দিয়েছেন কি না ।

- খুব অস্বাভাবিক ক্ষেত্রে, আপনার মারাত্মক অবস্থায় যদি আপনি চিকিৎসা নিতে না চান, তাহলে আপনার মা–বাবা বা আপনার দেখাশোনাকারী ব্যক্তি আপনার সাথে দ্বিমত পোষণ করতে পারবেন এবং একজন আইনজীবীর সাথে আপনার বিষয়টি নিয়ে আলাপ করতে পারবেন । আপনাকে এই বিষয়ে সহায়তা করার জন্য আপনিও আপনার নিজস্ব আইনজীবী নিয়োগ করতে পারেন ।

আরো তথ্যের জন্য Scottish Child Law Centre (স্কটিশ চাইল্ড ল' সেন্টার)-এর সাথে যোগাযোগ করুন (8 নং পৃষ্ঠা দেখুন) ।

16 বছরের কম বয়সী শিশু ও তরুণদের অধিকার সম্পর্কে আরো তথ্য সংগ্রহের স্থানগুলো সম্পর্কে জানার জন্য 10 নং পৃষ্ঠা দেখুন ।

আমার কোনো মানসিক রোগ বা সমস্যা থাকলে কি হবে?

- আপনার কোনো মানসিক রোগ বা সমস্যা থাকলে, বেশির ভাগ ক্ষেত্রে অন্য যে কারোর মতোই আপনারও কোনো চিকিৎসা বা পরীক্ষা গ্রহণ বা প্রত্যাখান করার সমান অধিকার রয়েছে ।

- তবে আপনাকে যদি Mental Health Act ('মেন্টাল হেলথ অ্যাক্ট')–এর অধীনে মানসিক চিকিৎসা প্রদান করা হতে থাকে, তাহলে আপনার সম্মতি ছাড়াই আপনার মানসিক রোগ বা সমস্যার জন্য পরীক্ষা ও চিকিৎসা করা যাবে । এটি করা হবে শুধুমাত্র যদি:

    - আপনার সর্বোত্তম স্বার্থের জন্য তা করা হয়, এবং
    - আপনি চিকিৎসাটি গ্রহণ না করলে তা আপনার নিজের ও অন্যদের প্রতি একটি উল্লেখযোগ্য ঝুঁকি বহন করবে ।

নির্দিষ্ট কিছু চিকিৎসার ক্ষেত্রে কিছু পথ-নির্দেশনা অনুসরণ করতে হয় । আপনাকে বিশেষ কোনো চিকিৎসা দেওয়ার পূর্বে আপনার ডাক্তারকে হয়তো অন্য কোনো ডাক্তারের কাছ থেকে চিকিৎসাটির ব্যাপারে মতামত নিতে হতে পারে ।

- Scottish Government Health Directorates ('স্কটিশ গভর্ণমেন্ট হেলথ ডাইরেক্টরেটস্') মানসিক রোগী ও তাদের পরিচর্যাকারীদের জন্য অনেকগুলো তথ্য-নির্দেশিকা প্রকাশ করেছে । এসব নির্দেশিকা কোথায় পাওয়া যাবে তা জানার জন্য 9 নং পৃষ্ঠা দেখুন ।

মানসিক রোগী বা মানসিক সমস্যায় আক্রান্ত লোকদের অধিকার সম্পর্কে আরো তথ্যের জন্য 8 নং পৃষ্ঠা দেখুন ।

আমাকে পাঠদানে অংশ নিতে বলা হলে কি হবে?

- আপনাকে চিকিৎসা দেওয়া বা পরীক্ষা করার সময় চিকিৎসা বিদ্যালয়ের কোনো ছাত্রছাত্রী উপস্থিত না থাকাটা আপনার বেশি পছন্দনীয় কিনা, তা আপনার পরিচর্যার দায়িত্বে নিয়োজিত NHS কর্মীরা সব সময়ই আপনাকে জিজ্ঞাসা করতে হবে। ছাত্রছাত্রীদের উপস্থিত থাকার ব্যাপারে আপনার আপত্তি করার অধিকার রয়েছে, এবং আপত্তি করলে আপনার পাওয়া চিকিৎসা সেবার মান কোনোভাবেই প্রভাবিত হবে না।

- শিক্ষাদানে ব্যবহার করার জন্য আপনার চিকিৎসা বা পরীক্ষার ছবি তোলা, ভিডিও করা অথবা শব্দ রেকর্ড করার আগে কর্মীরা অবশ্যই আপনার সম্মতি নিতে হবে। যখনই সম্ভব, শিক্ষাদানে ব্যবহারের আগে ছবি, ভিডিও বা রেকর্ডিং থেকে আপনার পরিচয় জানা যাবে এমন বিষয়গুলো সরিয়ে নেয়া হবে। যে ক্ষেত্রে তা সম্ভব হবে না, সে ক্ষেত্রে আপনি সিদ্ধান্ত নেওয়ার আগে তারা আপনাকে অবশ্যই তা অবহিত করতে হবে।

- শিক্ষাদানের কাজে ব্যবহারের জন্য ছবি তোলা বা রেকর্ডিং করতে রাজি হওয়ার পর যে কোনো সময় আপনার মত পরিবর্তন করতে পারবেন। যদি আপনি আপনার সম্মতি প্রত্যাহার করেন, তাহলে সেই ছবি বা রেকর্ডিংগুলো ব্যবহার করা হবে না, এবং সেগুলো অবিলম্বে ধ্বংস করে ফেলা হবে।

আমাকে গবেষণায় অংশগ্রহণ করতে বললে কি করবো?

- যদি আপনি নিজের জন্য সিদ্ধান্ত নিতে পারেন, তাহলে আপনি গবেষণায় অংশ নিতে রাজি হওয়া বা না হওয়া আপনার ব্যাপার।

- এতে রাজি হওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার আগে, গবেষণা সম্পর্কে আপনি যত তথ্য চান তার সবগুলোই আপনাকে প্রদান করতে হবে, এবং আপনি যত ইচ্ছা তত প্রশ্ন করতে পারবেন।

- সাধারণত আপনাকে গবেষণা সম্পর্কে লিখিত তথ্য বাড়ি নিয়ে যাওয়ার জন্য দেওয়া হবে। আপনি চাইলে আপনার পরিবার বা বন্ধুদের সাথে গবেষণা নিয়ে আলোচনা করার জন্য এগুলো ব্যবহার করতে পারবেন। এতে অংশগ্রহণ করতে রাজি হওয়ার জন্য আপনার উপর কখনোই কোনো চাপ প্রয়োগ করা যাবে না।

- যদি আপনি গবেষণায় অংশগ্রহণ করতে রাজি হন, তাহলে আপনার সম্মতির প্রমাণস্বরূপ আপনাকে একটি ফর্মে দস্তখত দিতে বলা হবে। আপনাকে হয়তো রেখে দেয়ার জন্য ঐ ফর্মের একটি কপি দেওয়া হবে এবং একটি কপি আপনার স্বাস্থ্যসেবার ফাইলেও রাখা হবে।

- কোনো কারণ প্রদর্শন ছাড়াই আপনি যে কোনো সময় গবেষণায় আপনার অংশগ্রহণের ব্যাপারে আপনার মত পরিবর্তন করতে পারবেন।

- যদি আপনি গবেষণায় অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন, তাহলেও আপনাকে যে মানের চিকিৎসা বা স্বাস্থ্যসেবা দেওয়া হয় তা প্রভাবিত হবে না।

আপনার স্বাস্থ্য সংক্রান্ত বিবরণ ব্যবহার করতে দিতে রাজি হওয়া

NHS অবশ্যই আপনার ব্যক্তিগত স্বাস্থ্যগত বিবরণ গোপন রাখবে। আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সংক্রান্ত বিবরণ কিভাবে ব্যবহার করা হবে সেই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনার সম্পৃক্ত থাকা উচিত।

আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সংক্রান্ত বিবরণ ব্যবহার সম্পর্কিত আরো তথ্যের জন্য **'গোপনীয়তা – এটি আপনার অধিকার' ('Confidentiality – it's your right')** নামক আমাদের তথ্যপত্রটি পড়ুন। এই তথ্যপত্রটি কোথায় পাওয়া যাবে সে সম্পর্কে জানার জন্য 10 নং পৃষ্ঠা দেখুন।

যদি আমি খুশী না হই?

আপনার স্বাস্থ্যসেবা সম্পর্কে সিদ্ধান্তে আপনাকে যেভাবে শরিক রাখা করা হয়েছে, তাতে যদি আপনি অখুশী হন, তাহলে প্রথমে আপনার স্বাস্থ্যসেবার দায়িত্বে নিয়োজিত NHS এর একজন কর্মীর সাথে কথা বলুন। এরপরও যদি অখুশী থাকেন, তাহলে আপনি অভিযোগ প্রক্রিয়া অনুসরণ করে লিখিতভাবে অভিযোগ করতে পারবেন।

কিভাবে অভিযোগ করতে হয় সে সম্পর্কে আরো জানার জন্য, **'এন.এইচ.এস সম্পর্কে অভিযোগ করার পদ্ধতি' ('Making a complaint about the NHS')** নামে প্রকাশিত তথ্যপত্রটি পড়ুন। এই তথ্যপত্রটি কোথায় পাওয়া যাবে, সে সম্পর্কে জানার জন্য 10 নং পৃষ্ঠা দেখুন।

কিভাবে আরো জানা যাবে

- এই তথ্যপত্রের যে কোনো বিষয় সম্পর্কে আরো জানতে চাইলে, যোগাযোগ করুন:
    - আপনার স্বাস্থ্যসেবার দায়িত্বে নিয়োজিত NHS এর কর্মীর সাথে
    - NHS inform Helpline (এন.এইচ.এস এর অবহিতকরণ হেল্পলাইনে) **0800 22 44 88** (textphone **18001 0800 22 44 88**; এছাড়াও হেল্পলাইনটি দোভাষী পরিষেবা প্রদান করে থাকে) অথবা
    - আপনার এলাকার সিটিজেন্স এডভাইস ব্যুরোর সাথে যোগাযোগ করুন (আপনার নিকটবর্তী সিটিজেন্স এডভাইস ব্যুরোর সাথে (citizens advice bureau) যোগাযোগের বিবরণ ইন্টারনেটে **www.cas.org.uk** ঠিকানায় অথবা আপনার স্থানীয় ফোনবুকে পাবেন)।

- আইনটি কিভাবে শিশু ও তরুণদেরকে প্রভাবিত করে সেই সম্পর্কে আরো জানার জন্য, যোগাযোগ করুন:

  The Scottish Child Law Centre (দি স্কটিশ চাইল্ড ল' সেন্টার)
  54 East Crosscauseway,
  Edinburgh, EH8 9HD
  তথ্য হেল্পলাইন: **0131 667 6333**
  18 বছরের নিচের ছেলেমেয়েদের জন্য ফ্রী -ফোন নাম্বার: **0800 328 8970**
  টেক্সটের মাধ্যমে ফ্রী অনুসন্ধান পরিষেবা: 'SCLC' লিখে তারপর আপনার প্রশ্ন লিখে **80800** নম্বরে পাঠান (আপনার মোবাইল ফোনে জবাব পাঠানো হবে।)
  ই-মেইল: **enquiries@sclc.org.uk**
  ওয়েবসাইট: **www.sclc.org.uk**

- যদি আপনি নিজের জন্য সিদ্ধান্ত নিতে না পারেন অথবা অন্য লোককে নিজের সিদ্ধান্ত জানাতে না পারেন, একে বলা হয় 'ইনক্যাপাসিটি' বা অক্ষমতা। যে সব ব্যক্তি মেডিকেল চিকিৎসার জন্য সম্মতি দিতে পারেন না, তাদের ও তাদের পরিচর্যাকারীদের অধিকারগুলো সম্পর্কে **পরিচর্যা ও সম্মতি** নামক তথ্যপত্রটি ব্যাখ্যা প্রদান করে। কোথায় এর একটি কপি পাওয়া যাবে তা জানার জন্য 10 নং পৃষ্ঠা দেখুন। Adults with Incapacity (Scotland) Act (প্রাপ্তবয়স্কদের ইনক্যাপাসিটি আইন (স্কটল্যান্ড) সম্পর্কে জানতে হলে, যোগাযোগ করুন:

  The Office of the Public Guardian Scotland) (দি অফিস অব দি পাবলিক গার্ডিয়ান (স্কটল্যান্ড))
  Hadrian House
  Callendar Business Park
  Callendar Road
  Falkirk FK1 1XR
  ফোন: **01324 678 300**
  ফ্যাক্স: **01324 678 301**
  ই-মেইল: **opg@scotcourts.gov.uk**
  ওয়েবসাইট: **www.publicguardian-scotland.gov.uk**

- মানসিক অসুস্থতা, শিক্ষা প্রতিবন্ধীত্ব, বুদ্ধিবৈকল্য বা অন্যান্য মানসিক সমস্যায় ভুক্তভোগীদের অধিকার সম্পর্কে আরো তথ্যের জন্য, **Mental Welfare Commission for Scotland (মেন্টাল ওয়েলফেয়ার কমিশন ফর**

স্কটল্যান্ড) এর সাথে যোগাযোগ করুন। Adults with Incapacity Act-এর অধীনে প্রাপ্তবয়স্ক লোকদের অধিকার সম্পর্কেও তাদের কাছ থেকে তথ্য ও পরামর্শ পাওয়া যাবে।

Mental Welfare Commission for Scotland (মেন্টাল ওয়েলফেয়ার কমিশন ফর স্কটল্যান্ড)
Thistle House
91 Haymarket Terrace
Edinburgh EH12 5HE
সার্ভিস ব্যবহারকারী ও পরিচর্যা প্রদানকারীদের জন্য ফ্রী ফোন নাম্বার: **0800 389 6809**
ই-মেইল: **enquiries@mwcscot.org.uk**
ওয়েবসাইট: **www.mwcscot.org.uk**

- **Scottish Government Health Directorates (দি স্কটিশ গভর্ণমেন্ট হেলথ ডাইরেক্টরেটস্)** মানসিক রোগে আক্রান্ত ব্যক্তি ও তাদের পরিচর্যাকারীদের জন্য বিভিন্ন তথ্য সম্বলিত অনেকগুলো নির্দেশিকা প্রকাশ করেছে। এগুলোর মধ্যে চিকিৎসা নিতে সম্মত হওয়া সম্পর্কে একটি নির্দেশিকা রয়েছে। এই নির্দেশিকাগুলোর যে কোনোটি পেতে চাইলে, যোগাযোগ করুন:

Mental Health Law Team (মেন্টাল হেলথ ল' টিম)
Mental Health Division
Scottish Government Health Directorates
St Andrew's House
Regent Road
Edinburgh EH1 3DG
ফোন: **0131 244 2591**
ই-মেইল: **mentalhealthlaw@scotland.gsi.gov.uk**
ওয়েবসাইট: **www.scotland.gov.uk** (স্বাস্থ্য ও কমিউনিটি পরিচর্যা (health and community care), স্বাস্থ্যের উন্নয়ন (improving health), মানসিক স্বাস্থ্য (mental health), মানসিক স্বাস্থ্যের আইন (mental health law) ও নির্দেশনা (guidance) সংক্রান্ত লিংকগুলো অনুসরণ করুন)।

স্বাস্থ্যের অধিকার সম্পর্কিত তথ্য

- **এন.এইচ.এস এবং আপনি (The NHS and You)** ব্যাখ্যা করে যে আপনি স্কটল্যান্ডে NHS থেকে কী আশা করতে পারেন, এবং NHS আপনার কাছ থেকে কী আশা করে ।
- **এন.এইচ.এস সম্পর্কে অভিযোগ করা র পদ্ধতি (Making a complaint about the NHS)** আপনাকে জানায় যে NHS এর অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করে কীভাবে অভিযোগ করতে হয় ।
- **গোপনীয়তা – এটি আপনার অধিকার (Confidentiality – it's your right)** আপনাকে জানায় যে NHS কীভাবে আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য সুরক্ষিত রাখে ।
- **কিভাবে আপনি আপনার স্বাস্থ্য সম্পর্কে তথ্যের রেকর্ড দেখবেন (How to see your health records)** আপনার স্বাস্থ্য সম্পর্কিত রেকর্ডের একটি কপি দেখা বা পাওয়ার ক্ষেত্রে আপনার অধিকার সম্পর্কে ব্যাখ্যা করে ।
- **বিদেশি ভ্রমণকারীদের জন্য স্বাস্থ্য সেবা (Health care for overseas visitors)** হলো এক সেট তথ্যপত্র যা ব্যাখ্যা করে যে বিদেশি ভ্রমণকারীরা স্কটল্যান্ডে থাকাকালীন সময়ে NHS থেকে কী ধরনের সেবা প্রত্যাশা করতে পারেন ।

শিশু ও তরুণদের জন্য তথ্য

- **সম্মতি – তোমার অধিকার (Consent – your rights)** ব্যাখ্যা করে যে তোমার স্বাস্থ্যসেবা ও চিকিৎসার সিদ্ধান্ত গুলোতে তোমার কীভাবে জড়িত হওয়া উচিত ।
- **গোপনীয়তা – তোমার অধিকার (Confidentiality – your rights**) ব্যাখ্যা করে যে তোমার সম্পর্কিত তথ্যগুলো স্বাস্থ্য পরিষেবা কীভাবে গোপন রাখে ।
- **তোমার মতামত জানাও! তোমার মতামত শোনানোর জন্য তোমার অধিকার (Have your say! Your right to be heard**) NHS সম্পর্কে কীভাবে প্রতিক্রিয়া জানাতে হয় বা অভিযোগ করতে হয় সেই সম্পর্কে তোমাকে জানায় ।

পরিচর্যাকারীদের সম্পর্কে তথ্য

- **পরিচর্যা ও সম্মতি** (**Caring and consent**) আপনি যে বয়স্ক ব্যক্তিদের পরিচর্যা করে থাকেন তাদের স্বাস্থ্য সেবা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনার সম্পৃক্ত থাকার অধিকার সম্পর্ক আপনাকে জানায় ।

আপনি এই তথ্যগুলো পাবেন:

- জিপির (GP) সার্জারী, ডেন্টাল সার্জারী, হাসপাতাল এবং অন্যান্য স্থানে যেখানে আপনি NHS এর সেবা পেয়ে থাকেন
- **www.hris.org.uk**
- আপনার এলাকার সিটিজেন্স এডভাইস ব্যুরোতে (citizens advice bureau) (আপনার নিকটতম সিটিজেন্স এডভাইস ব্যুরোর সাথে যোগাযোগের বিবরণ ইন্টারনেটে **www.cas.org.uk** ওয়েবসাইটে অথবা আপনার স্থানীয় ফোনবুকে পাবেন), এবং
- NHS inform Helpline (এন.এইচ.এস এর অবহিতকরণ হেল্পলাইনে) **0800 22 44 88** নম্বরে (textphone 18001 0800 22 44 88; এছাড়াও হেল্পলাইনটি দোভাষী পরিষেবা প্রদান করে থাকে) ।

আমরা এই তথ্যপত্রে সঠিক তথ্য তুলে ধরার যথাসাধ্য চেষ্টা করেছি। তবে, মনে রাখবেন যে এটি একটি সাধারণ নির্দেশিকা মাত্র, তাই আইনের বিস্তারিত বিবরণ হিসাবে এটির উপর নির্ভর করবেন না। আপনি আইনানুগ ব্যবস্থা নিতে চাইলে সলিসিটার, সিটিজেন্স এডভাইস ব্যুরো বা অন্য কোনো পরামর্শদাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করবেন।

Scottish Government Health Directorates–এর পক্ষে Consumer Focus Scotland-এর একটি প্রকল্প, Health Rights Information Scotland কর্তৃক প্রকাশিত।

এই তথ্যপত্রটি অন্য ভাষায় বা আকারে পেতে চাইলে আপনার স্থানীয় এন.এইচ.এস বোর্ড (NHS board)–কে ফোন করুন। এটি করার জন্য আপনার সাহায্যের দরকার হলে NHS inform Helpline–এ 0800 22 44 88 (textphone 18001 0800 22 44 88) নাম্বারে যোগাযোগ করুন।

www.hris.org.uk